## সহপাঠক্রমিক কার্যাবলি

আমাদের নিজস্ব সংস্কৃতিকে পরিচিত করানোর জন্য প্রতিষ্ঠানে নিয়মিত বিভিন্ন অনুষ্ঠান/প্রতিযোগিতার আয়োজন করা হবে। এছাড়া প্রচলিত শিক্ষাকে বিনোদনমূলক অনুষ্ঠানের অংশ হিসেবে নিম্নোক্ত কার্যক্রমসমূহ থাকবে-

ক) বিতর্ক ও আবৃত্তি কর্মশালা / উপস্থিতি বক্তৃতা
খ) নাচ, গান, অভিনয় সংক্রান্ত প্রতিভা অন্বেষণ
গ) কুইজ ও সাধারণ জ্ঞান প্রতিযোগিতা
ঘ) বাংলা ও ইংরেজি পত্রিকা পাঠ পর্যালোচনা
ঙ) সংবাদ পাঠ ও রিপোর্ট তৈরি
চ) দেয়ালিকা ও ম্যাগাজিন প্রকাশ
ছ) তথ্য মেলা, সংস্কৃতি মেলা ও বিজ্ঞান মেলায় অংশগ্রহণ
জ) আত্মকর্মসংস্থানমূলক প্রশিক্ষণ
ঝ) সাপ্তাহিক কোরআন ও নৈতিক শিক্ষা
ঞ) শিক্ষা ভ্রমণ

**গুণগত শিক্ষা নিশ্চিত করার জন্য শিক্ষা ভ্রমণ কারিকুলামভুক্ত। তাই অত্র স্কুলের শিক্ষার্থীদের জন্য রয়েছে একাডেমিক ক্যালেন্ডার অনুসারে শিক্ষা ভ্রমণের ব্যবস্থা।**

## প্রাতিষ্ঠানিক ইউনিফর্ম

### ছাত্র :

প্রি-নার্সারি - দ্বিতীয় শ্রেণি :
সাদা হাফ শার্ট মনোগ্রামযুক্ত,
নেভী ব্লু প্যান্ট, সাদা মোজা, কালো স্কুল জুতো।

তৃতীয় - দশম শ্রেণি
সাদা (হাফ/ফুল শার্ট মনোগ্রামযুক্ত),
নেভী ব্লু প্যান্ট, সাদা মোজা, কালো স্কুল জুতো।

### ছাত্রী :

প্রি-নার্সারি - দ্বিতীয় শ্রেণি :
সাদা হাফ শার্ট (মনোগ্রামযুক্ত),
নেভী ব্লু ফ্রক, সাদা মোজা ও কালো স্কুল জুতো।

তৃতীয় - পঞ্চম শ্রেণি :
নেভী ব্লু কাটা কামিজ (মনোগ্রামযুক্ত)
সাদা রঙের "V" সিস্টেম ওড়না, সাদা রঙের সেলোয়ার,
সাদা মোজা ও কালো স্কুল জুতো।

ষষ্ঠ শ্রেণি - দশম শ্রেণি :
নেভী ব্লু কাটা কামিজ (মনোগ্রামযুক্ত)
সাদা রঙের "V" সিস্টেম ওড়না, সাদা রঙের সেলোয়ার,
সাদা মোজা ও কালো স্কুল জুতো, সাদা এপ্রোন।

শীতকালীন পোশাক :
ক. ছাত্রদের জন্যে - নেভী ব্লু সোয়েটার (ফুল অথবা হাফ হাতা)
খ. ছাত্রীদের জন্যে - নেভী ব্লু সোয়েটার (ফুল হাতা)

## ভর্তি প্রক্রিয়া

ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের পর প্রতিষ্ঠান কার্যালয় থেকে ভর্তি ফরমে ও প্রসপেক্টাস সংগ্রহপূর্বক ফরম পূরণ করে নির্দিষ্ট তারিখে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ভর্তি কমিটির অনুমোদন সাপেক্ষে নির্ধারিত ভর্তি ফি জমা দিয়ে ভর্তি হতে পারবে।

| শ্রেণি ও ধরণ | ভর্তি ফি | মাসিক ফি |
|---|---|---|
| প্রি-নার্সারি - দশম শ্রেণি | ৩,০০০/- | ৯০০/- |
| হোস্টেল | ৫,০০০/- | ৮,০০০/- |
| ডে-কেয়ার | ৩,০০০/- | ৫,৫০০/ |

## ভর্তি হওয়ার সময় যা যা আনতে হবে

* শিক্ষার্থীর ২ কপি পাসপোর্ট সাইজ ও ২ কপি স্ট্যাম্প সাইজ রঙিন ছবি (ছবির পেছনে শিক্ষার্থীর নাম ও শ্রেণি লেখা থাকা আবশ্যক)।
* জন্ম নিবন্ধন সনদের ১ কপি ফটোকপি।
* পিতা ও মাতার ১ কপি করে স্ট্যাম্প সাইজের রঙিন ছবি। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
* পূর্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠানের ছাড়পত্র ও বার্ষিক পরীক্ষার ফলাফল বিবরণীর ফটোকপি।

## শিক্ষা উপদেষ্টাবৃন্দ

**মোঃ সাইফুল ইসলাম**
সহযোগী অধ্যাপক (অর্থনীতি বিভাগ), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

**রবিউল ইসলাম**
প্রভাষক (তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ) চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

**মোঃ ইমরুল কায়েস**
সহযোগী অধ্যাপক (অর্থনীতি বিভাগ), হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম।

**শ্রাবণী মলিক**
প্রভাষক (ইংরেজী), আধুনিক ভাষা ইনষ্টিটিউট, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

**মুহাম্মদ নাজিম উদ্দিন**
অধ্যক্ষ, সিলভার স্কাই স্কুল এন্ড কলেজ, বাকলিয়া, চট্টগ্রাম।

**এ.বি.এস ইয়াসির আরাফাত**
প্রভাষক, (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ), আন্তর্জাতিক ইসলামি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।

**এডভোকেট জহুরুল হক আনসারী,**
জজ কোর্ট, চট্টগ্রাম।

**এডভোকেট আজিজুর হক চৌধুরী,**
জজ কোর্ট, চট্টগ্রাম।

**মোহাম্মদ জামাল উদ্দিন**
সহকারী অধ্যাপক (রসায়ন বিভাগ), হাসিমপুর মকবুলিয়া ফাজিল (ডিগ্রী) মাদ্রাসা।

## পোর্ট সিটি পাবলিক স্কুল এন্ড কলেজ

*যে কারণে প্রতিষ্ঠানটি শহর ও শহরের বাইরের মানুষের নজর কাড়বে এবং সুনাম ও আস্থা অর্জনে সক্ষম হবে বলে আশা করিঃ*

* লেখাপড়ার গুণগত মান, প্রশাসনিক নিয়ম-শৃঙ্খলা, স্কুলের দূষণমুক্ত সুন্দর পরিবেশ, নিরাপত্তা ব্যবস্থা, সহজ যোগাযোগ ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা।
* অভিভাবকদের সাথে প্রতিনিয়ত যোগাযোগ থাকবে বিধায় স্কুলের উদ্দেশ্যে বের হয়ে স্কুলে না এসে বাইরে ঘুরাঘুরি করা এই স্কুলের কোন শিক্ষার্থীর পক্ষে সম্ভব হবে না।
* লেখা ও পড়ার মানোন্নয়নে প্রশাসনসহ শিক্ষকদের বিভিন্ন কৌশল, চেষ্টা ও তদারকির কারণে অধ্যয়নরত শিক্ষার্থীরা নিজ উদ্যোগে পড়ালেখা না করে পারবে না।
* কম পড়িয়ে বা প্রশ্ন দাগিয়ে দিয়ে কিংবা বেশি বেশি নম্বর দিয়ে অভিভাবক ও শিক্ষার্থীকে সন্তুষ্ট রাখার উদ্দেশ্যে পড়ালেখায় ফাঁকি দেয়া হবে না।
* আবাসিক এবং ডে-কেয়ার শিক্ষার্থীদেরকে দৈনন্দিন লেখাপড়া, আরবি শিক্ষা, মানসম্মত খাওয়া-দাওয়া, নামায পড়া এবং রুটিন মাফিক সার্বিক তদারকি ও যত্নে শিক্ষার্থীদের ক্রমান্বয়ে কাঙ্ক্ষিত পরিবর্তন নিশ্চিত হবে।

**সর্বোপরী, প্রশাসন-শিক্ষক-কর্মচারীরা নিজ নিজ দায়িত্ব পালনে সর্বদা সচেষ্ট থাকবে এবং সর্বক্ষেত্রে কথায়-কাজে শতভাগ মিল রাখার আপ্রাণ চেষ্টা থাকবে।**

বিসমিল্লাহির রাহমানির রাহিম

*আমরাই দেখাবো আপনার সন্তানের লক্ষ্য অর্জনের পথ ...*

PCPSC

# পোর্ট সিটি পাবলিক স্কুল এন্ড কলেজ

# Port City Public School & College

## উন্নত হোস্টেল ও সারাদিনের স্কুল সুবিধাসহ

## প্রি-নার্সারি থেকে দশম শ্রেণি

বিজ্ঞান
ব্যবসায় শিক্ষা
মানবিক

# প্রসপেক্টাস

**কল্পলোক ক্যাম্পাসঃ**
হাউস # ১৬, ব্লক # সি, কল্পলোক আ/ এ, মডেল মসজিদের উত্তর পাশে, পূর্ব বাকলিয়া, চট্টগ্রাম। ফোন ঃ ০১৮৩০-২২০১৫৫, ০১৭৫৮-৬৬৫৮৩০

**কালামিয়া বাজার ক্যাম্পাসঃ**
ডেপুটি রোডের মোড় (সিটি কর্পোরেশন গার্লস স্কুলের পূর্ব পাশে), পূর্ব বাকলিয়া, চট্টগ্রাম। ফোন ঃ ০১৯৭০-২২০১৫৫

www.portcitypsc.com pcpsc4000@gmail.com

## আমাদের কথা

একটি সমৃদ্ধশালী এবং আত্মমর্যাদাশীল জাতী হিসেবে আমাদের সুনাম সর্বজ্ঞাত। আমাদের আছে একটি ঐতিহ্যময় ইতিহাস যা আমাদের বিশ্ব দরবারে উচ্চআসনে সমাসীন করেছে। কিন্তু ইতিহাসের পর্যায়ক্রমিক বিবর্তনে ঔপনিবেশিককতার দুঃসময়ে আমাদের শিক্ষা ব্যবস্থার তেমন উন্নয়ন হয়নি। ফলে আমাদের শিক্ষা ব্যবস্থার তেমন উন্নয়ন হয়নি। ফলে আমাদের শিক্ষা ব্যবস্থায় যে আলোকিত মানুষ তৈরির কথা ছিল তা হয়ে উঠেনি। কথায় বলে Survival of the fittest, যোগ্যতমের টিকে থাকা। কথাটি অতি নির্মম, কঠিন, বাস্তব সত্য। আজকের চলমান পৃথিবীতে সমানতালে এগিয়ে যেতে হবে। পৃথিবী দ্রুত পরিবর্তন হচ্ছে, সেই সঙ্গে চলমান বিশ্বায়ন প্রক্রিয়া এবং বিজ্ঞান-প্রযুক্তির অবিশ্বাস্য অগ্রগতি। আর এই পৃথিবীর অগ্রগতির সঙ্গে তার মিলিয়ে আমাদের এগোতে হবে। নইলে আমরা শিক্ষা ও দক্ষতায় পিছিয়ে থাকবো। তারই ধারাবাহিকতায় কিছু ঋদ্ধ শিক্ষানুরাগীর ঐকান্তিক প্রচেষ্টায় প্রতিষ্ঠিত হয়েছে **'পোর্ট সিটি পাবলিক স্কুল এন্ড কলেজ।'**

উন্নত ও মানসম্মত শিক্ষা পদ্ধতির অভাব মিটাতে সর্বোচ্চ চেষ্টা ও সর্বাধুনিক উৎসাহ, অনুপ্রেরণা, সঠিক দিক নির্দেশনা ও আন্তরিক প্রচেষ্টার মাধ্যমে কৌশলভিত্তিক পড়ালেখাকে আরো গতিময় ও প্রাণবন্ত করে তোলার শপথে উদ্দীপ্ত অত্র শিক্ষা প্রতিষ্ঠান।

মেধা বিকাশের, শ্রেষ্ঠত্ব লাভের, মূল্যবোধ-সৃজনের ও উদাহরণ সৃষ্টির এই অনুপম স্থানে সকল শিক্ষার্থীকে স্বাগত জানাই। পড়ো, জানো এবং জাগো এই ত্রয়ী অভিনিবেশ প্রার্থনা করছি তোমাদের সবার কাছে। বর্তমানে শিক্ষা ব্যবস্থার আলোকে পরিচালিত এই প্রতিষ্ঠানের যুগোপযোগী শিক্ষা ও কল্যাণধর্মী কর্মপন্থা প্রত্যেক শিক্ষার্থীকে উপহার দিবে উজ্জ্বল ভবিষ্যৎ এই প্রত্যাশায়-

চেয়ারম্যান
**পোর্ট সিটি পাবলিক স্কুল এন্ড কলেজ**

একটি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীর সফলতা নির্ভর করে সুপরিকল্পিত পাঠক্রম, আদর্শ ও মেধাবী শিক্ষক, আধুনিক পাঠদান পদ্ধতি, সুনিবিড় তত্ত্বাবধান, যথাযথ মূল্যায়ন, নিরিবিলি ও মনোরম পরিবেশ এবং সর্বোপরি সুদক্ষ পরিচালনার উপর। শিক্ষার সকল পর্যায়ে মানসম্মত শিক্ষা প্রদান বর্তমান সময়ের অনিবার্য দাবী যা পূরণে **'পোর্ট সিটি পাবলিক স্কুল এন্ড কলেজ'** বদ্ধ পরিকর। দেশের আর্থ-সামাজিক অবকাঠামো ও পরিস্থিতির সাথে সামঞ্জস্য রেখে নিম্নোক্ত বিশেষত্ব ও সুবিধাদি নিয়ে 'পোর্ট সিটি পাবলিক স্কুল এন্ড কলেজ' এর শিক্ষাক্রম মানসম্মত ও যুগোপযোগী করে ঢেলে সাজানো হয়েছে।

### শিক্ষক-শিক্ষিকা

মানসম্মত শিক্ষাদানের জন্য মেধাবী, দক্ষ, পরিশ্রমী ও প্রশিক্ষিত শিক্ষক-শিক্ষিকার বিকল্প নেই। উন্নত বিশ্বের আধুনিক শিক্ষাপদ্ধতির অনুকরণে নিয়মিত বিষয়ভিত্তিক Workshop ও Practise Teaching সহ আধুনিক পদ্ধতি, নবতর কলাকৌশল প্রয়োগ করে পাঠদান সহজতর, আকর্ষণীয় ও বিজ্ঞানসম্মত করার জন্য গঠনমূলক সমালোচনার মাধ্যমে এবং মাস্টার ট্রেইনার দ্বারা সৃজনশীল ট্রেনিং প্রদান করে শিক্ষকদের দক্ষতা ও কৌশল উত্তরোত্তর বৃদ্ধি করা হয়।

### পাঠদান পদ্ধতি

শিক্ষাকে অর্থবহ করার জন্য প্রয়োজন সময়োপযোগী ও কৌশলগত পাঠদান পদ্ধতি যা শিক্ষার্থীকে প্রতিযোগিতামূলক বিশ্বে টিকে থাকার রসদ যোগায়। সিলেবাসকে কার্যদিবস অনুযায়ী বিশেষভাবে আগে থেকে বণ্টন করে তৈরি করা হয় প্রি-টার্ম ও সাময়িক পরীক্ষার কোর্স প্ল্যান। শিক্ষার্থীকে সেই প্ল্যান অনুসারে পাঠদান করা হয়।

### শিক্ষার মাধ্যম

এই প্রতিষ্ঠানে শিক্ষার মাধ্যম মূলত বাংলা, তবে পরিবেশ ইংরেজি আবহময় অর্থাৎ General Curriculum ছাড়াও অত্র প্রতিষ্ঠান English Environment সমৃদ্ধ। শিশুর মনের অনুভূতি, উপলব্ধি ও ধারণাশক্তিকে মাতৃভাষা বাংলা যত সহজে এবং অল্প সময়ে জাগাতে পারে, বিদেশি ভাষা ইংরেজি তা পারে না। আবার আধুনিক বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে কিংবা উচ্চ শিক্ষা লাভ করতে ইংরেজিতে পারদর্শিতা অনস্বীকার্য।

### রিফ্রেশমেন্ট ক্লাস

শিক্ষার্থীরা যাতে বাসায় ক্লাসের পাঠসমূহ সহজেই সু-সম্পন্ন করতে পারে সেজন্য প্রতিদিন সাধারণ ক্লাস শেষে বন্ধুসুলভ পরিবেশে পর্যালোচনা ক্লাস (RC) এর ব্যবস্থা রাখা হবে। এতে বাড়ির কাজ বুঝিয়ে দেয়াসহ প্রতিদিনের পাঠ পুনরালোচনা ও আদায় এর ব্যবস্থা থাকবে।

### একাডেমিক ক্যালেন্ডার ও পরীক্ষা পদ্ধতি

বছরের শুরুতে শিক্ষাবর্ষের নির্ধারিত ছুটি এবং প্রি-টার্ম ও টার্ম পরীক্ষাসমূহ আরম্ভের তারিখ সম্বলিত একাডেমিক ক্যালেন্ডার প্রণয়ন করা হয়। এছাড়া পাঠ মূল্যায়নের জন্য মানসম্পন্ন প্রশ্নপত্রের মাধ্যমে তিনটি টার্ম পরীক্ষার পূর্বে ১টি করে প্রি-টার্ম পরীক্ষা নেয়া হয়। প্রি-ট্রাম ও টার্ম পরীক্ষার প্রাপ্ত নম্বরের গড় বার্ষিকের ফলাফলের সাথে সমন্বয় করে চূড়ান্ত ফলাফল নির্ধারণ করা হয়। প্রি-টার্মসহ সকল পরীক্ষার রেজাল্ট অভিভাবকের নিকট পাঠানো হয়।

### হ্যান্ডনোট / লেকচারশীট প্রদান

শিক্ষার্থীদের প্রাইভেট বা কোচিং এবং বাজারের গতানুগতিক গাইড বই এর উপর নির্ভরতা দূর করতে ও পাঠ বুঝার সঠিক দিক নির্দেশনা প্রদানের উদ্দেশ্যে বিভিন্ন বিষয়ের গুরুত্বপূর্ণ অধ্যায়ের উপর মানসম্মত হ্যান্ডনোট ও লেকচারশীট প্রদান করা হয়।

### হ্যান্ডরাইটিং কোর্স

সুন্দর হাতের লেখা ছাত্রজীবনের একটি অলংকার স্বরূপ। এছাড়া পাবলিক পরীক্ষায় ভাল ফলাফলের জন্য সুন্দর হাতের লেখার বিকল্প নেই। আর এজন্য সকল শিক্ষার্থীর হাতের লেখা সুন্দর হওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য আমাদের রয়েছে বাধ্যতামূলক বাংলা ও ইংরেজি হ্যান্ডরাইটিং কোর্স।

### বেসিক ফাউন্ডেশন কোর্স

শ্রেণিতে অনগ্রসর শিক্ষার্থীদের পাঠের ঘাটতি পরিলক্ষিত হলে Bangla ও English 'Reading course', Basic Math Course এবং Communicative English কে সহজ করার লক্ষ্যে Basic Grammar Course এর মাধ্যমে তাদেরকে বর্তমান শ্রেণি উপযোগী করে গড়ে তোলা হয়। পড়া সঠিকভাবে আত্মস্থ করার জন্য শুদ্ধভাবে রিডিং পড়তে পারা যেরকম জরুরি ঠিক সে রকম গণিত ও ইংরেজিতে শিক্ষার্থীদের ভীতি দূর করার জন্য উক্ত বিষয়দ্বয়ের Basic জানাও জরুরি।

### শুদ্ধ উচ্চারণ কোর্স

শুদ্ধ উচ্চারণের ওপর একটি ভাষার সৌন্দর্য, গুরুত্ব ও যোগাযোগের দক্ষতা অনেকাংশেই নির্ভর করে। উচ্চারণ শুদ্ধ না হলে এমনকি ভাষার অর্থেরও পরিবর্তন ঘটে। তাই শুদ্ধ করার জন্য শিক্ষার্থীদের শুদ্ধ উচ্চারণের উপর নগরীর নামকরা আবৃত্তি সংগঠনগুলোর সহযোগিতায় বিশেষ কোর্স করানোর ব্যবস্থা থাকবে।

### দুর্বলদের বিশেষ যত্ন

ক্লাসের অপেক্ষাকৃত পিছিয়ে থাকা শিক্ষার্থীদের পড়ালেখার মানের উন্নতি ও এগিয়ে থাকাদের সাথে তাল মিলিয়ে চলতে পারার জন্য দুর্বল বা অনগ্রসর শিক্ষার্থীদের বাছাই করে ক্লাস শুরুর আগে বা ছুটির পরে এদের মানোন্নয়নের লক্ষ্যে বিশেষ যত্ন নেয়া হয়।

### কম্পিউটার ল্যাব

প্রগতিশীল বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে গেলে ও নিজেকে যুগোপোযোগী করে গড়ে তুলতে হলে কম্পিউটার জ্ঞান এর বিকল্প নেই। সরকারও কম্পিউটার শিক্ষাকে গুরুত্ব দিচ্ছে। যার ফলস্বরূপ ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণি পর্যন্ত কম্পিউটার শিক্ষাকে পাঠ্যসূচিতে স্থান দেয়া হয়েছে ও বাধ্যতামূলক করা হয়েছে। শিক্ষার্থীকে কম্পিউটার জ্ঞানে সমৃদ্ধ করে গড়ে তোলার জন্য আমাদের রয়েছে অনলাইন সুবিধাসম্বলিত আধুনিক সুসজ্জিত ও সমৃদ্ধ কম্পিউটার ল্যাব।

### স্পোকেন ইংলিশ

ইংরেজি ভাষায় কথোপকথন ও ইংরেজি বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে শ্রেণির মান অনুযায়ী Spoken English আমাদের শিক্ষাক্রমে অন্তর্ভুক্ত রয়েছে। আধুনিক প্রতিযোগিতামূলক বিশ্বে সাফল্যের সাথে টিকে থাকতে হলে আন্তর্জাতিক ভাষা ইংরেজিতে Skill এবং Fluency থাকা খুবই গুরুত্বপূর্ণ। প্রতিটি শ্রেণির নিয়মিত Text Book: English For Today এর সহযোগী হিসেবেও এ কোর্স অসামান্য ভূমিকা পালন করবে।

### সার্বক্ষণিক বিদ্যুৎ ব্যবস্থা

নিজস্ব ব্যবস্থাপনায় জেনারেটরের মাধ্যমে সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা হবে।

### যাতায়াত সুবিধা

প্রতিষ্ঠানের যাতায়াত ব্যবস্থা নগরীর সকল প্রান্ত থেকে সুবিধাজনক। পাশাপাশি শিক্ষার্থীদের প্রয়োজনে নিজস্ব গাড়ির ব্যবস্থা থাকবে।

### নিরাপত্তা ব্যবস্থা

অভিভাবকদের উদ্বেগ উৎকণ্ঠ দূর করা ও নিরাপদ পরিবেশে পড়ালেখার জন্য প্রশিক্ষণপ্রাপ্ত নিরাপত্তা প্রহরী নিয়োগদানের মাধ্যমে নিশ্চিত করা হয়েছে অত্র স্কুলের নিরাপত্তা ব্যবস্থা।

### মনিটরিং ও পরামর্শ সেল

পড়ালেখার জন্য প্রয়োজন শিক্ষাবান্ধব পরিবেশ। শিক্ষার্থীর পড়ালেখায় পরিবেশ ও সুপারিশ প্রণয়ণ করার জন্য আমাদের রয়েছে মনিটরিং ও পরামর্শ সেল। এ সেলে কাজের অংশ হিসেবে সেলের সদস্যরা ছাত্র-ছাত্রীদের বাসায় পর্যায়ক্রমে পরিদর্শনে যান। এছাড়া অত্র প্রতিষ্ঠানকে একটি সুন্দর শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিষ্ঠিত করার নিরবচ্ছিন্ন প্রচেষ্টার অংশ হিসেবে অভিভাবক মহলের পক্ষ থেকে সুচিন্তিত মতামত, পরামর্শ ও অভিযোগ সম্পর্কে অবগত হয়ে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিষ্ঠানে থাকবে একটি অভিযোগ ডেস্ক।

### ডে-কেয়ার

অভিভাবকদের প্রত্যাশার পরিপ্রেক্ষিতে, কর্মব্যস্ত অভিভাবকদের সুবিধার্থে এবং তাঁদের সন্তানদের গতিশীল ও সমৃদ্ধ লেখা-পড়ার জন্য অত্র প্রতিষ্ঠানে আছে সকাল ৮.০০ থেকে রাত ৮.০০ পর্যন্ত ডে-কেয়ার এর ব্যবস্থা, যেখানে সকাল হতে রাত পর্যন্ত তাদের মানসম্মত নাস্তা, টিফিন ও খাবারের সুব্যবস্থা রয়েছে।